



# বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী  
পুরাতন ৮৬ বিজয়নগর, ঢাকা-১০০০।

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের প্রত্যয়ে এবং বিএমএন্ডডিসি কর্তৃক প্রদত্ত বিভিন্ন সেবা সহজতর ও দ্রুততম সময়ে প্রদানের লক্ষ্যে অনলাইন ই-পেমেন্টে ব্যবস্থা চালু করতে যাচ্ছে। আগামী ১৫ জুলাই ২০২১ ইং তারিখ হতে বিএমএন্ডডিসিতে নিবন্ধিত চিকিৎসকগণ নিম্নের ওয়েব ঠিকানায় প্রবেশ করে বিবিধ আবেদনের ফি অনলাইনে প্রদান করে সেবা গ্রহণ করতে পারবেন।

বিএমএন্ডডিসি ই-পেমেন্ট সিস্টেম

<https://payment.bmdc.org.bd/>

আবেদনকারীগণ উপরোল্লিখিত ওয়েব ঠিকানায় প্রবেশ করে ব্যবহারকারী হিসেবে নিবন্ধনপূর্বক লগইন করে বিভিন্ন সেবার জন্য আবেদন ও অনলাইনে ডেবিট কার্ড/ক্রেডিট কার্ড অথবা মোবাইল ব্যাংকিং সেবার মাধ্যমে ফি প্রদান করতে পারবেন।

অনলাইন ব্যবহারকারী নিবন্ধন বা  
ফি জমাদান সংক্রান্ত সহায়তার  
জন্য ০১৭১৩-১৬২৯৭৯ নাম্বারে  
কল করুন (সকাল ০৯:০০  
থেকে বিকাল ৫:০০)

(ডা: মোঃ লিয়াকত হোসেন)

ডেপুটি রেজিস্ট্রার

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল